(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ নভেম্বর ২০২২ খ্রি.

ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স চট্টগ্রাম জেলা শাখার প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে মেয়র

## প্রযুক্তি নির্ভর মানবসম্পদ গড়ে ডিজিটাল বাংলাদেশ তৈরী করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ৭৫'র ১৫ আগস্ট জাতির জনককে হত্যার মাধ্যমে এদেশের অগ্রযাত্রাকে থামিয়ে দিতে চেয়েছিল ঘাতক চক্র। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ক্ষমতায় আসার পর দেশকে এগিয়ে নিয়ে যেতে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। তিনি বলেন, আধুনিক প্রযুক্তি নির্ভর মানবসম্পদ গড়ে ডিজিটাল বাংলাদেশ তৈরী করতে হবে। প্রধানমন্ত্রী ঘোষিত বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করার মিশনে দেশের ডিপ্লোমা প্রকৌশলীগণ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ডিপ্লোমা প্রকৌশলীরা অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে দেশের অর্থনীতির চাকাকে সচল রেখেছেন। আজ সকালে নগরীর আইবির ভবনে ইনষ্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ চট্টগ্রাম জেলা নির্বাহী কমিটির নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে টেকসই উন্নয়নে নবায়নযোগ্য জ্বালানী প্রতিপাদ্যে গণ-প্রকৌশল দিবস ২০২২ ও আইডিইবি'র ৫২তম প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।
ইনষ্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ চট্টগ্রাম জেলা শাখার সভাপতি প্রকৌশলী মো. নেছার উদ্দীনের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন কমিটির সাধারণ সম্পাদক প্রকৌশলী মো. জসিম উদ্দিন, বিশেষ অতিথির বক্তব্য রাখেন পাহাড়তলী ওয়ার্ডের কাউন্সিলর মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, ইনষ্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স কেন্দ্রীয় সহ সভাপতি ওয়াসার বোর্ড সদস্য জাফর আহমদ সাদেক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষে সদস্য প্রকৌশলী মুনির উদ্দিন আহম্মদ, আইডিইবি'র উপদেষ্টা সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুক্তিযোদ্ধা দেওয়ান মাহমুদ আহমেদ, সেভেন রিং সিমেন্টের ম্যানেজার এ.বি.এম ইফতেখার আলম সিদ্দিকী, চসিক নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন প্রমুখ।
মেয়র আরো বলেন, আমাদের ছোট আয়তনের দেশে প্রায় ১৮ কোটি মানুষের বসবাস। এই মানব সম্পদকে কাজে লাগাতে না পারলে দেশের বোঝা হয়ে দাঁড়াবে। টেকসই উন্নয়নে লক্ষ্যে মূল্য সাশ্রয়ী নির্ভরযোগ্য ও টেকসই জ্বালানীর নিশ্চয়তা অপরিহার্য্য। চলমান ইউক্রেন ও রাশিয়া যুদ্ধের প্রেক্ষিতে জ্বালানী তেলের ক্রমাগত মূল্য বৃদ্ধি এবং জ্বালানী চাহিদা ও যোগান উন্নত দেশকেও হিমাশিম খেতে হচ্ছে। এজন্য প্রধানমন্ত্রীর সাশ্রয়ী হওয়ার আহ্বানে সকলকে গুরুত্ব দিতে হবে।
তিনি আরো বলেন, এগিয়ে যাওয়ার জন্য প্রযুক্তিকে জনপ্রিয় করা দরকার। প্রযুক্তিতে গনমানুষের সমঅধিকার প্রতিষ্ঠ করতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবে উন্নয়শীন দেশের কর্মস্থানে নেতৃত্ব দিতে কারিগরি জ্ঞান, শ্রম ও ত্যাগের সমস্বয়ে কর্মপ্রত্যয়ী ইনষ্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়াসদের প্রস্তুত হতে হবে। প্রাতিষ্ঠানিক সার্টিফিকেটের পাশাপাশি জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করতে পারলে যোগ্যতার মাপকাঠি এমনিতেই তৈরী হয়। তিনি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে একটি সুন্দর সমৃদ্ধ উন্নত বাংলাদেশ গড়তে ডিপ্লোমা প্রকৌলশীদের দক্ষতা অর্জনে মনোযোগী হওয়ার আহ্বান জানান। মেয়র বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়নের প্রকৌশলীগণ সম্মুখ যোদ্ধা, তাই প্রযুক্তিগত দক্ষ ও মান সম্পন্ন ডিপ্লোমা প্রকৌশলী তৈরী করা সময়ের দাবী। তিনি কর্নফুলী টানেল ও পদ্মা সেতু নির্মাণে ডিপ্লোমা প্রকৌশলীদের ভূমিকার কথা স্মরণ করে ভবিষ্যতে দেশের উন্নয়নে তাদের ভূমিকা অগ্রগন্য হবে বলে আশাবাদ বক্ত্য করেন।

নগর বাইশ মহল্লা সর্দার কমিটির নেতৃবৃন্দের সাথে মেয়র

## আপীল বোর্ডে করদাতাদের সম্মুখে ধার্য্যকৃত করের পরিধি প্রকাশ করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, গৃহকার প্রাদনে সম্মানিত নাগরিকদের আপীল বের্ডের সম্মুখে কর দাতার সাথে আলাপ করে সহনীয় পর্যায়ে গৃহকর নির্ধারণ করে ধর্য্যকৃত করের পরিধি তৎক্ষনাত প্রকাশ করা হবে। কোনভাবেই করদাতাদের উপর করের বোঝা ছাপিয়ে দেয়া হবে না। তিনি বলেন, আপীলের সম্মুখিন করদাতাগণ তাদের ধার্য্যকৃত করের উপর সন্তুষ্ট রয়েছে। এই বিষয়ে যাদের দ্বিমত রয়েছে তারা আমার সাথে সরাসরি যোগাযোগ করবেন। আমি আশ্বস্থ্য করছি আমার সাথে যোগাযোগের পর আর কোন অভিযোগ আপনাদের থাকবে না। আজ মঙ্গলবার

দুপুরে টাইগারপাসস্থ নগর ভবনে সিটি মেয়রের দপ্তরে নগর বাইশ মহল্লা কমিটির নেতৃবৃন্দের এক সাক্ষাতকালে তিনি আহ্বান জানান।
সাক্ষাতকালে উপস্থিত ছিলেন-নগর বাইশ মহল্লা কমিটির সভাপতি মোহাম্মদ ইউসুফ সর্দ্দার, মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শফিক আদনান, সিনিয়র সহসভাপতি আলহাজ্ব শওকত হোসেন, সাবেক কমিশনার আলহাজ্ব আলী বক্স, সুফী সাহেদ হোসেন, মোহাম্মদ তারেক, জাহেদ হোসেন প্রমুখ।
নগর বাইশ মহল্লা কমিটির সভাপতি মোহাম্মদ ইউসুফ সর্দ্দার বলেন, বর্তমানেও গৃহকারের বিষয়ে আপীল করতে গিয়ে করদাতাগণ হয়রানির স্বীকার হচ্ছেন। আপীল বোর্ডে সম্মুখীন হওয়া করদাতাগণ বোর্ডের সিদ্ধান্তে অসন্তুষ্টি প্রকাশ করে অনেকে আমাদের অবহিত করেছেন। আমরা এই অসন্তুষ্টি লাঘবে সিটি মেয়রের হস্তক্ষেপ কামনা করছি।
মেয়র বাইশ মহল্লা সর্দ্দার কমিটির নেতৃবৃন্দের অভিযোগগুলো আমলে নিয়ে ব্যবস্থা গ্রহণ করবে বলে তাদের আশ্বস্থ্য করেন।

**সাবেক প্রতিমন্ত্রী জাফরুল ইসলামের মৃত্যুতে**
**সিটি মেয়রে শোক প্রকাশ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির সাবেক সভাপতি সাবেক বন ও পরিবেশ প্রতিমন্ত্রী জাফরুল ইসলাম চৌধুরী মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি এক শোক বার্তায় মহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পবিারের প্রতি সমবেদনা জানান।

**নগরীতে ৫-১১ বছর বয়সী শিশুদের পেডিয়াটিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক**
**কোভিড-১৯ ভ্যাকসিনের ২য় রাউন্ড  বাস্তবায়নের কেন্দ্রীয় পর্যায়ে সমন্বয় সভার অনুষ্ঠিত**

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় পাঁচ থেকে এগার বছর বয়সী শিশুদের পেডিয়াটিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমের ২য় রাউন্ড বাস্তবায়নের নিমিত্তে সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় পর্যায়ে আয়োজিত এক সমন্বয়সভা মঙ্গলবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।
সভায় বক্তব্য রাখেন স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। থানা শিক্ষা কর্মকর্তা মোঃ হারুন অর রশিদ, সেলিনা আকতার, ইসরাত জাহান, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডাঃ মোঃ সরওয়ার আলম প্রমুখ ।
সভাপতির বক্তেব্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, পাঁচ থেকে এগার বছর বয়সের শিশুদেরকে কোভিড-১৯ টিকা প্রদানের আওতায় আনা একটি চ্যালেঞ্জ হলেও সকলের সমষ্টিগত প্রচেষ্টায় গত ২৫ আগষ্ট হতে ২০ সেপ্টেম্বর ২০২২ইং পর্যন্ত অত্যন্ত এই কর্মসূচি সফলভাবে পালিত হয়। আমরা আশা করছি স্বাস্থ্য বিভাগের বিশাল ও মাঠ পর্যায়ে নিয়োজিত দক্ষ স্বাস্থ্য কর্মীগণ নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে আগামী ১০ নভেম্বর হতে শুরু হওয়া এই টিকা দান কর্মসূচী শতভাগ সফলাতা অর্জন করা যাবে। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় একটি শিশুও যেন টিকা প্রদান থেকে বাদ নাপড়ে সে বিষয়ে কর্ম পরিকল্পন াপ্রস্তুত করে কাজ করতে হবে।
সভায় বক্তাগন বলেন, যেহেতু এই কর্মসূচী প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত হবে সেহেতু সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ, জেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ যৌথ সমন্বয়ের মাধ্যমে এই কর্মসূচী বাস্তবায়ন করলে অবশ্যই ৫-১১ বছরের শিশুদেরকে শত ভাগ টিকা দেওয়া সম্ভব হবে। উল্লেখ্য, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় আগামী ১০ নভেম্বর থেকে ৫-১১ বছরের শিশুদের কোভিড-১৯ টিকার ২য় ডোজ প্রদান করা হবে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## বায়েজিদ এলাকার বিভিন্ন সড়ক হতে
## অবৈধ দোকান উচ্ছেদ করা হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বায়েজিদ বোস্তামী থানাধীন বাংলাবাজার সড়ক, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ শিল্প এলাকা ও পলিটেকনিকেল মোড় এলাকায় রাস্তা ও ফুটপাত দখল করে অবৈধভাবে গড়ে উঠা প্রায় তিন শতাধিক দোকান উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাতের জায়গা অবৈধ দখলমুক্ত করা হয়। এতে অংশ নেন সিটি মেয়রের একান্ত

সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‌্যাব-৭, বায়েজিদ থানা পুলিশ ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩